

মানবানল

হেলাল হাফিজ

আগুন আর কতোটুকু পোড়ে ?
সীমাবদ্ধ তার ক্ষয় সীমিত বিনাশ,
মানুষের মতো আর অতো নয় আগুনের সোনালি সম্ভ্রাস ।

আগুন পোড়ালে তবু কিছু রাখে
কিছু থাকে,
হোক না তা ধূসর শ্যামল রঙ ছাই,
মানুষে পোড়ালে আর কিছুই রাখে না
কিছু থাকে না,
খাঁ খাঁ বিরান, আমার কিছু নাই ।